তারিখ ... 08 JAN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

দৈনিক ইত্তেফাক

166

# জাতীয় পার্টির রাজনীতি নিষিদ্ধ করুন, এরশাদকে জেলে পাঠান

—ছাত্র ঐক্য

(ইত্তেফাক রিপোর্ট)

সর্বদলীয় ছাত্র ঐক্য গতকাল (সোমবার) অপরাজেয় বাংলার পাদদেশে এক ছাত্র সমাবেশে অবিলম্বে সাবেক প্রেসিডেন্ট এরশাদকে কেন্দ্রীয় কারাগারে পাঠানো এবং দেশে এরশাদের সহযোগী মন্ত্রী, এম, পিদের রাজনীতি নিষিদ্ধ ঘোষণার দাবী করিয়াছে। সমাবেশে এরশাদের সহযোগীদের গ্রেফতারের ব্যাপারে

(১১শ পৃ: ৭-এর কঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

পুলিশের নিষ্ক্রিয়তার প্রতিবাদ করিয়া বলা হয়, দেশের স্বার্থে গণদুশমনদেরকে গ্রেফতার করুন। অন্যথায় ছাত্রসমাজ এই দায়িত্ব গ্রহণ করিবে। সমাবেশে অর্জিত বিজয়কে অর্থবহ করার লক্ষ্যে রাজনৈতিক দলসমূহকে আরও দায়িত্বশীল হওয়ার আহ্বান জানান হয়।

ছাত্রলীগের (হা-অ) সভাপতি হাবিবুর রহমান, ডাকসুর জি,এস খায়রুল কবীর খোকন, ছাত্রলীগ (না-শ) সভাপতি নাজমুল হক প্রধান, জাতীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক কামাল হোসেন সমাবেশে বক্তৃতা করেন।

ছাত্রনেতা হাবিবুর রহমান হাবিব বলেন, বিশেষ কয়েকটি সংবাদপত্র ছাত্র ঐক্যে ভাঙ্গন ধরানোর জন্য উস্কানিমূলক খবর প্রকাশ করিতেছে। হাবিব হুশিয়ারী উচ্চারণ করিয়া বলেন, ৮ কলামের হেড লাইন দিয়া যতই বড় বড় খবর ছাপানো হউক না কেন ছাত্র

**ছাত্রঐক্য**

ঐক্যে ভাঙ্গন ধরানো যাইবে না। হাবিব তাহার বক্তৃতায় এরশাদের সহযোগীদের অবিলম্বে গ্রেফতারের মাধ্যমে গণতন্ত্রকে শত্রুমুক্ত করার আহ্বান জানান।

খায়রুল কবীর খোকন বলেন, গণঅভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতাচ্যুত সরকারের বিচার হইবে না—ইহা মানিয়া নেওয়া যায় না। খোকন জাতীয় পার্টির নেতা-কর্মীদেরকে যেকোন মূল্যে প্রতিহত করার আহ্বান জানান।

নাজমুল হক প্রধান অবিলম্বে দেশে জাতীয় পার্টির রাজনীতি নিষিদ্ধ ঘোষণার দাবী করেন। সমাবেশ শেষে ছাত্র ঐক্যের একটি মিছিল জাতীয় প্রেসক্লাবে আসিয়া শেষ হয়।

বাসস জানায়, সর্বদলীয় ছাত্র ঐক্যের খুলনা শাখার উদ্যোগে গতকাল শহরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ প্রদর্শন করা হয়। পরে সরকারী আজম খান বাণিজ্য কলেজের সম্মুখে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়।